



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
গবেষণা সেল।



স্মারক ১২.০৬.০০০০.২৮৮.৫০.০০১.১৯-৮৮

তারিখঃ ০৯ জুলাই ২০২০

গবেষণা প্রস্তাব আহ্বান

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিএডিসি আইনে “কৃষি গবেষণার মাধ্যমে লাগসই ও টেকসই কারিগরি কলাকৌশল উদ্ভাবন এবং ফসলের উন্নত জাত উদ্ভাবন, নির্বাচন, প্রবর্তন ও কর্পোরেশনের নামে ছাড়করণ” এবং “সেচযন্ত্র, সেচ এলাকা, পানিসম্পদ, পানির গুণাগুণ, স্তর ও প্রাপ্যতার জরিপ পরিচালনা এবং সমীক্ষা, গবেষণা, পরীক্ষা-নিরীক্ষা ও ডাটা ব্যাংক তৈরী” বিষয়ে গবেষণার ম্যান্ডেট দেয়া হয়েছে। বিএডিসিতে গবেষণা সেল প্রতিষ্ঠার মাধ্যমে গবেষণা কার্যক্রম নতুন কলেবরে শুরু করা হয়েছে। বিগত ২০১৯-২০ অর্থবর্ষ হতে বিএডিসি’র রাজস্ব বাজেটে (জিওবি অংশ) গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে। চলতি ২০২০-২১ বর্ষে গবেষণার জন্য বিএডিসিতে কর্মরত আগ্রহী গবেষকদের কাছ হতে গবেষণা প্রস্তাব আহ্বান করা হচ্ছে।

২। গবেষণা প্রস্তাব প্রেরণের ক্ষেত্রগুলো হচ্ছে- (i) Varietal Development, (ii) Climate Smart Agriculture (iii) Seed Science & Technology, (iv) Post Harvest Technology, (v) Biotechnology, (vi) Sustainable Crop Management, (vii) Specialized Agriculture, (viii) Plant Nutrition & Soil Health (ix) Irrigation Technology এবং (x) Farm Mechanization.

৩। গবেষণা প্রস্তাবনা সংযুক্ত ফরমেটে সাবলীল ও সহজবোধ্য হতে হবে, আংশিক প্রস্তাবনা বিবেচনা করা হবে না।

৪। গবেষণা প্রস্তাব ১-৩ বছর মেয়াদি হতে হবে। এক বছরে বাস্তবায়নযোগ্য প্রস্তাবনা অগ্রাধিকার পাবে।

৫। গবেষণা ব্যয় যথাসম্ভব সীমিত রাখতে হবে, ব্যয় প্রাক্কলন ১.০০ - ২.০০ লক্ষ টাকার অধিক হবে না।

৬। প্রস্তাবের ২ সেট হার্ড কপি ও সফট কপি গবেষণা সেল দপ্তরে নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

৭। ইতোমধ্যে চলমান গবেষণা প্রস্তাবগুলো বিগত বছরের অগ্রগতিসহ নতুন করে দাখিল করতে হবে।

৮। প্রাপ্ত গবেষণা প্রস্তাবগুলো বাছাই ও মূল্যায়ন করে annual review এর মাধ্যমে চূড়ান্ত করা হবে।

৯। আগামী ৩১ জুলাই/২০২০ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রস্তাব প্রেরণ করতে হবে।

০৯/০৭/২০২০

ড. মোঃ রেজাউল করিম

প্রধান সমন্বয়কারী

গবেষণা সেল, বিএডিসি, ঢাকা।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
- ২) সদস্য পরিচালক (বীজ ও উদ্যান/ক্ষুদ্রসেচ/সার ব্যবস্থাপনা/অর্থ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ৩) মহাব্যবস্থাপক (বীজ/উদ্যান/এএসসি/পাটবীজ/সার ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা।
- ৪) প্রধান প্রকৌশলী (ক্ষুদ্র সেচ/নির্মাণ/সংরক্ষণ ও কারখানা), বিএডিসি, ঢাকা।
- ৫) প্রধান, মিশু, বিএডিসি, ঢাকা।
- ৬) যুগ্ম পরিচালক, গবেষণা সেল, বিএডিসি, ঢাকা।
- ৭) সেল প্রধান, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ)।